অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 8-10 আগস্ট, 2024 তারিখে ট্রপিক্যাল ঝড় ডেবির অবশিষ্টাংশ দ্বারা ক্ষতিগ্রস্ত স্টুবেন কাউন্টির বাসিন্দা ও ব্যবসাসমূহের জন্য ফেডারেল সহায়তা *ঘোষণা করলেন*

মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের স্বল্প সুদের ঋণ এখন স্টুবেন এবং সংলগ্ন অ্যালেগানি, শেমাঙ্গ, লিভিংস্টোন, অন্টারিও, স্কুাইলার এবং ইয়েটসের বাড়ির মালিক, বাসিন্দা এবং ব্যবসাসমূহের জন্য উপলভ্য রয়েছে

ফেডারেল সহায়তা পাওয়ার ক্ষেত্রে সাহায্য করার জন্য স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ এবং কাউন্টির কর্মকর্তাগণ ঝড়ের পর ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে প্রাথমিক ক্ষয়ক্ষতির মূল্যায়ন সম্পাদন করেছে

ঋণের আবেদন অনলাইনে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে 8-10 আগস্ট, 2024 তারিখে ট্রপিক্যাল ঝড় ডেবির অবশিষ্টাংশ সম্পর্কিত চরম আবহাওয়া দ্বারা ক্ষতিগ্রস্ত স্টুবেন কাউন্টি এবং সংলগ্ন অ্যালেগানি, শেমাঙ্গ, লিভিংস্টোন, অন্টারিও, স্কুাইলার এবং ইয়েটসের নিউ ইয়র্কবাসীদের জন্য ফেডারেল সহায়তা উপলভ্য আছে। বাসা ও ব্যবসার উল্লেখযোগ্য ক্ষতি করেছে এমন ঝড়ের পুনরুদ্ধারে সহায়তা পাওয়ার জন্য যোগ্য বাড়ির মালিক, ভাড়াটিয়া এবং ব্যবসাসমূহ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের (Small Business Administration, SBA) স্বল্প সুদের ঋণের জন্য আবেদন করতে পারবে।

"ঝড়ের পুনরুদ্ধারের চাপ নিউ ইয়র্কবাসী এবং তাদের ব্যবসাসমূহকে একা বহন করতে হওয়া উচিত না, এবং ক্ষতিগ্রস্তদের আরো উত্তমভাবে ও বলীয়ানভাবে পুনর্গঠন করতে এই ঋণ অনেক সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "ট্রপিক্যাল ঝড় ডেবি দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে সংস্থান প্রদান করার জন্য আমরা অধ্যবসায়ের সাথে কাজ করেছি, এবং আমাদের ফেডারেল অংশীদারদের কারণে ক্ষুদ্র ব্যবসার মালিকগণ এখন পুনর্গঠন ও পুনরুদ্ধারের জন্য সহায়তা চেয়ে আবেদন করতে পারবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এই ঝড় এইসব সম্প্রদায়ে উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি করেছে এবং পুনরুদ্ধারের জন্য মানুষকে অতি

গুরুত্বপূর্ণ মেরামত কাজ এবং ধ্বংস হওয়া ব্যক্তিগত সম্পদের প্রতিস্থাপন করতে হবে। গভর্নর হোকল এবং SBA এর সাথে অংশীদারিত্বের কারণে আমরা এখন বাসিন্দা ও ক্ষুদ্র ব্যবসাসমূহকে ত্রাণ প্রদান করতে সক্ষম হবো।"

ঝড়ের পর, নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ এবং কাউন্টির কর্মকর্তাগণ SBA ঋণ পাওয়ার ক্ষেত্রে সাহায্য করতে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে প্রাথমিক ক্ষয়ক্ষতির মূল্যায়ন সম্পাদন করেছে। আবহাওয়া সম্পর্কিত দুর্যোগ এবং অন্যান্য জরুরি অবস্থার পর পুনরুদ্ধারের জন্য আর্থিক সহায়তা প্রয়োজন এমন যোগ্য পক্ষসমূহের জন্য এই ঋণ সহায়ক হবে।

দুর্যোগ ঋণের প্রকার
নিম্নোক্ত দুর্যোগ ঋণ উপলভ্য আছে:

- ব্যবসার জন্য ভৌত দুর্যোগ ঋণ (Business Physical Disaster Loans): রিয়েল এস্টেট, ইনভেন্টরি, সরবরাহ, মেশিনারি ও সরঞ্জামসহ ব্যবসার মালিকানাধীন দুর্যোগ দ্বারা ক্ষতিগ্রস্ত সম্পদের মেরামত বা প্রতিষ্ঠান করার জন্য ব্যবসাসমূহকে ঋণ। সকল আকারের ব্যবসা যোগ্য হবে। এছাড়া, বেসরকারি, অলাভজনক সংগঠন যেমন দাতব্য প্রতিষ্ঠান, গির্জা, বেসরকারি ইউনিভার্সিটি ইত্যাদিও যোগ্য হবে।
- অর্থনৈতিক আঘাত সংক্রান্ত দুর্যোগ ঋণ (Economic Injury Disaster Loans, EIDL): ক্ষুদ্র ব্যবসা, ক্ষুদ্র কৃষি সমবায়, জলজ কালচারে নিয়োজিত ক্ষুদ্র ব্যবসা, এবং সকল আকারের অধিকাংশ বেসরকারি, অলাভজনক সংগঠনকে দুর্যোগের প্রত্যক্ষ ফলাফল হিসেবে পূরণ করা যায়নি এমন সাধারণ এবং প্রয়োজনীয় আর্থিক দায়বদ্ধতা পূরণ করতে সাহায্য করার জন্য কার্যকরী মূলধন ঋণ।
- বাসার জন্য দুর্যোগ ঋণ (Home Disaster Loans): দুর্যোগ দ্বারা ক্ষতিগ্রস্ত রিয়েল এস্টেট এবং অটোমোবাইলসহ ব্যক্তিগত সম্পদের মেরামত ও প্রতিস্থাপনের জন্য বাড়ির মালিক বা ভাড়াটিয়াদের জন্য ঋণ।

নিউ ইয়র্কবাসীরা এখান থেকে অতিরিক্ত তথ্য পেতে, আবেদনপত্র ডাউনলোড করতে এবং অনলাইনে আবেদন করতে পারবে। এছাড়াও তারা 800-659-2955 নম্বরে SBA এর গ্রাহক সেবা কেন্দ্রে (Customer Service Center) ফোন করতে পারে বা disastercustomerservice@sba.gov এ ইমেইল করতে পারে। ব্যক্তিগত সহায়তা এবং আবেদনের জন্য লোকেশনগুলো আগামী দিনে ঘোষণা করা হবে।

যে ব্যক্তিরা বধির, কম শুনতে পারে, বা কথা বলার ক্ষেত্রে অক্ষমতা রয়েছে, তারা টেলিযোগাযোগ রিলে সেবার সুযোগ পেতে 711 এ ফোন করতে পারে।

ভৌত সম্পত্তির ক্ষয়ক্ষতির জন্য ফিরতি আবেদন দায়ের করার শেষ তারিখ 9 ডিসেম্বর, 2024। অর্থনৈতিক আঘাতের আবেদন ফেরত দেওয়ার শেষ তারিখ 10 জুলাই, 2025।

দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র

নিউ ইয়র্কবাসীকে সশরীরে সহায়তার জন্য আবেদন করার ক্ষেত্রে সাহায্য করতে SBA একটি দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র (Disaster Loan Outreach Center) স্থাপন করছে, যা 15 অক্টোবর, মঙ্গলবার, সকাল 11:00টা থেকে শুরু করে 30 অক্টোবর, বুধবার, বিকাল 4:00টা পর্যন্ত সক্রিয় থাকবে।

ফার্স্ট প্রেসবিটেরিয়ান চার্চ: 10 মেইন স্ট্রিট, ক্যানিস্টেও, নিউ ইয়র্ক, 14823

- 15 অক্টোবর, মঙ্গলবার, সকাল 11:00টায় খুলবে।
- খোলা থাকার সময়
    - সোমবার থেকে শুক্রবার: সকাল 9:00টা থেকে বিকাল 6:00টা।
        - শনিবার: সকাল 10:00টা থেকে দুপুর 2:00টা।
            - রবিবার: বন্ধ

স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ সম্পর্কে
সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নি এবং অন্যান্য জরুরি অবস্থার প্রতিরোধ, এর বিরুদ্ধে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, এর সাড়াদান এবং এর থেকে পুনরুদ্ধারের প্রয়াসের ব্যাপারে স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ নেতৃত্ব, সমন্বয় এবং সমর্থন প্রদান করে। আরো তথ্যের জন্য, ফেসবুক, এক্স, ইনস্টাগ্রাম, এবং লিংকডইনে @NYSDHSES ভিজিট করুন, এবং www.dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন